নর্দান আয়্যারল্যান্ড কোর্ট এন্ড ট্রাইবোনাল সার্ভিস

আদালত ব্যবহারকারীগণের জন্য বিজ্ঞপ্তি

খোলার সময়

- আদালতের কার্যদিবসে আপনি সকাল ৯.০০টা হতে আদালত ভবনে প্রবেশ করিতে পারিবেন;
- জনসাধারণের জন্য আদালতের অফিস সকাল ৯.৩০টা হইতে বিকাল ৪.৩০টা পর্যন্ত খোলা থাকিবে;
- সাধারণত সকাল ৯.৩০টা হইতে আদালতের কাজ শুরু হয়, দুপুরের খাবারের জন্য ১.০০টায় বন্ধ হয় এবং বিকাল ২.০০টা হইতে দৈনিক কাজ শেষ না হওয়া পর্যন্ত আদালত চলতে থাকে;
- তবে দুপুরের খাবারের সময়ে ও অফিস খোলা থাকে;
- আদালতের কার্যতালিকা প্রতিদিন সকাল ৯.৩০টা হইতে প্রদর্শন করা হইয়া থাকে। আপনাকে সহযোগিতা করিবার জন্য আপনি চাইলে আপনার কোন বন্ধুকেও সাথে নিয়া আসিতে পারেন।

যখন আপনি আদালতে আসিবেন

- আদালতের কোন কর্মকর্তাকে আপনার আদালতে আসার কারণ বলুন এবং তিনি আপনাকে কোথায় অপেক্ষা করিতে হইবে তাহা বলিবেন।
- নোটিশ বোর্ডে যেসকল মামলার শুনানি হইবে সেগুলি প্রদর্শন করা হইবে।
- যদি কোন উকিল আপনার প্রতিনিধিত্ব করিতে আসেন তাহা হইলে আপনার আদালতে আসার খবর তাহাকে অবগত করুন।
- দয়া করিয়া লক্ষ্য করুন যে, সকল সময় প্রদর্শিত মামলার ক্রম অনুযায়ী মামলাসমূহ আদালতে ডাকা হয় না। আপনি যদি যে মামলার জন্য আপনি অপেক্ষা করিতেছেন তাহার ব্যাপারে কোন তথ্য জানিতে চাহেন তাহা হইলে আদালতের কোন কর্মকর্তাকে জিজ্ঞেস করুন যিনি আপনাকে সাহায্য করিবেন।
- আপনার প্রতিনিধিত্ব করিবার জন্য কোন উকিল না থাকিলে আদালতের কোন কর্মকর্তাকে অবগত করুন।

নিচের ধারা সমূহের প্রতি খেয়াল রাখতে আপনাকে বলা হচ্ছে:

- আপনার মামলার জন্য সঠিক সময়ে আদালতে হাজির হোন।
- মামলা সংক্রান্ত কাগজপত্র আপনার সাথে নিয়ে আসুন।
- আপনাকে সহযোগিতা করিবার জন্য আপনি চাইলে আপনার কোন বন্ধুকে সাথে নিয়া আসিতে পারেন।
- আপনার মামলা আদালতে ওটা না পর্যন্ত অপেক্ষা করিতে প্রস্তুত থাকুন। আপনি যদি মনে করেন যে আপনি অনেক সময় ধরিয়া অপেক্ষা করিতেছেন তাহা হইলে আদালতের কর্তব্যরত কর্মকরতাকে অবগত করুন।
- সকল ঘোষনাসমূহ মনযোগ দিয়া শুনুন এবং আপনার মামলা যখন আদালতে ডাকা হবে তখন কোন বিচারকের আদলতে মামলার শুনানী হবে তা খেয়াল করুন।
- আদালতের বিচারক, আপনার পাশে যাহারা আছেন এবং আদালতের কর্মকর্তাদের প্রতি নমনীয় ও মার্জিত আচরণ করুন।
- আদালতে কি ধরণের পোষাক পরিধান করিতে হইবে তার জন্য কোন বাধাধরা নিয়ম নাই। আদালতের প্রতি সম্মান প্রদর্শনের জন্য আপনি আপনার সাধারণ জ্ঞান ব্যবহার করুন।
- আদালত ভবনে ধুমপান নিষেধ এবং আদালত কক্ষে খাবার ও পানীয় নিষেধ।
- ছবি তুলা, অডিও বা ভিডিও রেকর্ড করা নিষেধ।
- আদালত কক্ষে কোন প্রকার পত্রিকা বা সাময়িকী পড়া নিষেধ।
- সহায়ক কুকুর ব্যতিত আদালত ভবনে কোন পোষা কুকুরের প্রবেশ নিষেধ।
- সাধারণত ১৪ বছরের কম বয়সের কাউকে আদালত ভবনে প্রবেশ করিতে দেওয়া হয় না যদি না এবয়সের কেউ স্বাক্ষ্য দিতে অথবা আদালতের পুর্ব অনুমতি নিয়ে আসেন।
- আদালত কক্ষে মোবাইল ফোন ব্যবহার নিষেধ।

আদালত ব্যবহারকারীগণের জন্য বিজ্ঞপ্তি

একজন স্বাক্ষী হিসেবে আদালতে হাজির হওয়া

আমরা বুঝি যে আদালতে স্বাক্ষ্য দিতে আসা দুঃচিন্তার কারন হতে পারে। আমরা এসকল দুঃশ্চিন্তা যতটা সম্ভব দূর করিবার চেষ্টা করিয়া থাকিঃ

- আদালতে স্বাক্ষী প্রদান করিবার পুর্বে আদালত কক্ষ ঘুরিয়া দেখিবার সুযোগ আপনার রহিয়াছে (এটা আয়োজন করিবার জন্য আদালতের ম্যানেজারের সাথে যোগাযোগ করুন)।
- আদালতে স্বাক্ষ্য দিবার কারণে আপনি যদি ভীত হোন অথবা নিজেকে বিপদগ্রস্ত মনে করেন তাহা হইলে নিরাপত্তাকর্মীদের সাথে যোগাযোগ করুন যাহারা আপনাকে সাহায্য করিবেন।
- ভীত এবং বিপদগ্রস্ত স্বাক্ষীদের জন্য সকল আদালতেই আলাদা বসার কক্ষ রহিয়াছে।
- কম বয়েসী (শিশু) স্বাক্ষীদের জন্য আলাদা কক্ষ রহিয়াছে।

স্বাক্ষীগণকে আদালতে হাজির হইবার জন্য অথবা তাদের ভ্রমণ খরচ দেওয়া আমাদের দায়ীত্ব নয়; এটা যাহারা আপনাকে আদালতে আসিতে বলিয়াছেন তাহাদের যেমন বাদী, পুলিশ বা উকিল তাহারা দায়ী। তবে নর্দান আয়্যারল্যান্ড কোর্ট এন্ড ট্রাইবোনাল সার্ভিস যাহাতে আপনাদের আরও অধিক তথ্য আদালতে হাজির হইবার পূর্বেই দেওয়া যায় সেই লক্ষে অন্যান্য সংস্থা সমূহের সাথে কাজ করিতেছে।

স্বাক্ষ্য দেওয়া

- আপনার বয়স যদি ১৪ বার তার বেশি হয় এবং আপনি আদালতে স্বাক্ষ দিতে আসেন তাহা হইলে আপনাকে ধর্মীয় শপথ অথবা এই মর্মে নিশ্চিত করিতে হইবে যে আপনি সত্য কথা বলিবেন। আদালতের কেরানী আপনাকে কোন পন্থায় শপথ নিতে চান তাহা জিজ্ঞেস করিবে এবং তাহার সাথে উপযোগী শব্দসমূহ পুনরাবৃত্তি করিতে বলিবেন। ধর্মীয় শপথ হইতেছে ধর্মীয় পবিত্র বই স্পর্শ করে সত্য কথা বলিবার প্রতিজ্ঞা করা। আর নিশ্চিত করণ হচ্ছে সত্য কথা বলিবার ঘোষণা করা যা কোন পবিত্র বই স্পর্শ করিয়া নহে।
- কোন মামলায় আপনি যদি একজন বিবাদী বা স্বাক্ষী হোন এবং বাইবেল ছাড়া অন্য কোন পবিত্র বই স্পর্শ করিয়া শপথ নিতে চাহেন তাহা হইলে দয়া করিয়া আদালতে কর্তব্যরত কর্মকর্তাকে বলুন যিনি আপনাকে সাহায্য করিবেন।

বিশেষ প্রয়োজনীয়তা

- আপনার যদি কোন অক্ষমতা অথবা কোন বিশেষ প্রয়োজন থাকে তাহলে কাষ্টমার সার্ভিস অফিসারের সাথে যোগাযোগ করুন যিনি আপনাকে সুবিধাদি এবং তথ্য দিয়া সহায়তা করিবেন।

অভিযোগ

- আমাদের সেবার যেকোন বিষয়ে আপনাদের অভিযোগকে আমরা স্বাগত জানাই।
- আপনাদের অভিযোগ আমাদেরকে সঠিকভাবে সেবা প্রদান করিতে সহায়তা করিয়া থাকে।
- আপনাদের জন্য আমাদের সেবাকে কিভাবে আরও উন্নত করা যায় এব্যাপারের আপনাদের কোন প্রস্তাব থাকলে আমাদের সাথে কথা বলুন, মন্তব্য কার্ড পূরণ করুন অথবা আমাদের কাউকে অভিযোগ করিবার উপায় সম্পর্কে জিজ্ঞেস করুন।

নর্দান আয়্যারল্যান্ড কোর্ট এন্ড ট্রাইবোনাল সার্ভিস আদালত ব্যবহারকারী সকলের জন্য আমাদের সেবার মান উন্নত করিতে বদ্ধ পরিকর। আমাদের সেবা সম্পর্কে মন্তব্য করে আপনি আমাদের সেবার মান উন্নয়নে সহায়তা করুন। অভিযোগ করে আপনি আমাদের সেবা সঠিকভাবে প্রদানে সহায়তা করুন।

নর্দান আয়্যারল্যান্ড কোর্ট এন্ড ট্রাইবোনাল সার্ভিস ইনফরমেশন সেন্টার

Norther Ireland Court and Tribunal Service Information Centre
Windsor House, Bedford Street, Belfast BT2 7LT
Tel: 028 9032 8594 Fax: 028 9041 2390 Tex phone: 028 9041 2920
email: informationcentre@courtsni.gov.uk
www.courtsni.gov.uk

INVESTOR IN PEOPLE

NORTHERN IRELAND COURT SERVICE